“যে ব্যক্তি চায় যে, তার রিযক প্রশস্ত হোক এবং আয়ু বর্ধিত হোক, সে যেন তার আত্মীয়তার বন্ধন অক্ষুণ্ণ রাখে।”

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি চায় যে, তার রিযক প্রশস্ত হোক এবং আয়ু বর্ধিত হোক,
সে যেন তার আত্মীয়তার বন্ধন অক্ষুণ্ণ রাখে।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আত্মীয়-স্বজনদের সাথে সাক্ষাৎ, শারীরিক ও আর্থিকভাবে সহযোগিতা ও সম্মান করা, ইত্যাদি মাধ্যমে আত্মীয়তার সম্পর্ক রক্ষা করতে অত্র হাদীসে উৎসাহ প্রদান করেছেন। আর এটি রিযিক প্রশস্ত হওয়া ও আয়ু বর্ধিত হওয়ার কারণ।

https://sunnah.global/hadeeth/bn/show/5372